# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.SC. FOURTH SEMESTER EXAMINATION, MAY-JUNE 2013

SECOND YEAR

Date : 20/5/2013 BENGALI (Honours)

Time : 11 am – 3 pm Paper : IV Full Marks : 100

১। বাংলা উপন্যাসের ইতিহাসে সতীনাথ ভাদুড়ির গুরুত্ব নিয়ে আলোচনা করো। [14]

**অথবা,**

ঔপন্যাসিক তারাশঙ্করের আবির্ভাব বিশাল পটভূমিকায় এবং সে পটভূমি প্রায়ই অঞ্চলবিশেষকে অবলম্বন করেছে ---মন্তব্যটির সমীচীনতা বিচার কর। [14]

২। টীকা লেখ (যে কোন **দুটি**) ঃ [2×3]

আনন্দমঠ, চোখের বালি, অন্তঃশীলা, হাঁসুলীবাঁকের উপকথা

৩। 'চন্দ্রশেখর' কি ঐতিহাসিক উপন্যাস? যুক্তিসহ তোমার বক্তব্য উপস্থাপন করো। [11]

**অথবা,**

চন্দ্রশেখর উপন্যাসে বর্ণিত নারীচরিত্রগুলি বিশ্লেষণ করো। [11]

৪। ''আমার ভালোবাসার নাম জীবন বিসর্জনের আকাঙ্খা।'' --কে কার উদ্দেশ্যে, কেন এই উক্তি করেছেন? [1+1+2]

**অথবা,**

''যাহাই মনে করুন, ঈশ্বর আমার বিচার কর্ত্তা, আমি অন্য বিচার মানি না।'' কার উক্তি? কার প্রতি এই উক্তি? বক্তার মনোভাব স্পষ্ট করো। [1+1+2]

৫। 'ঘরে বাইরে' উপন্যাসটির নামকরণের সার্থকতা নির্দেশ করো। [11]

**অথবা,**

'মক্ষীরাণী' কে? 'ঘরে বাইরে' উপন্যাসে তার ভূমিকা উপন্যাসের পরিণতিকে কীভাবে প্রভাবিত করেছে তা আলোচনা করো। [2+9]

৬। ''ঠিক সেই সময়ে আমার সেই আশীর্বাদের প্রয়োজন ছিল'' —কার কোন সময়ে কোন আশীর্বাদের প্রয়োজন ছিল? কে আশীর্বাদ করেছিলেন? [1+1+1+1]

**অথবা,**

''রাজভোগে তিনি কখনো লেশমাত্র সংকুচিত হন না।'' --কে? তাঁর চরিত্রের এই দিকটির পরিচয় দু-এক কথায় দাও। [1+3]

৭। বাংলা গল্পে হাস্যরস সৃষ্টির ধারায় পরশুরামের বৈশিষ্ট্যটি সংক্ষেপে বুঝিয়ে বলো। [14]

**অথবা,**

বাংলা ছোটোগল্পের ইতিহাসে প্রভাতকুমার মুখোপাধ্যায়-এর বিশিষ্টতা নিয়ে আলোচনা করো। [14]

৮। সংক্ষেপে লেখো (যে কোন **দুটি**) ঃ [2×3]

সবুজপত্রপর্ব, বনফুল, বিমল কর, বিভূতিভূষণ।

৯। 'নিশীথে' গল্পটিকে কি অতিপ্রাকৃত শ্রেণীর গল্প বলা যেতে পারে? যুক্তিসহ বিচার করো। [11]

**অথবা,**

'শাস্তি' গল্পের চন্দরা চরিত্রটি বিশ্লেষণ করো। [11]

১০। ''তোমার হাত থেকে আরো কাজ চাই'' —কোন গল্পের অংশ? কে কাকে বলেছে? সে কি কাজ চাইছিল? [1+1+1+1]

**অথবা,**

''শিশুরাজ্যে এই মেয়েটি একটি ছোটোখাটো বর্গির উপদ্রব বলিলেই হয়।'' --মেয়েটির নাম লেখো। তার স্বভাবের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও। [1+3]

১১। ‘টোপ’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। [11]

**অথবা,**

স্বাধীনতা-উত্তর ভারতবর্ষের রাজনীতির নির্ভুল ছবি ‘চরণদাস এম.এল.এ’। আলোচনা করো। [11]

১২। ‘‘চেষ্টার ত্রুটি আমি রাখব না। এর জন্যে দিল্লী পর্যন্ত যদি যেতে হয় তা আমি যাব’’ --কার উক্তি? কার উদ্দেশ্যে? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। [1+1+2]

**অথবা,**

‘‘তা সব মেয়েরেই থাকে। আপনি ওদের চেনেন না।’’ কোন্ গল্পের অংশ? কার উক্তি? কার প্রতি? এখানে কোন মেয়ের কথা বলা হচ্ছে? [1+1+1+1]